**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল দীর্ঘ মেয়াদি শক্তি স্টোরেজ প্রযুক্তির সমাধান অগ্রসরকারী চারটি প্রদর্শনী প্রকল্পের জন্য প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার ঘোষণা করলেন

***এখনো বাণিজ্যিকীকরণ হয়নি এমন প্রযুক্তির অগ্রগতি, হাইড্রোজেন, বৈদ্যুতিক, রাসায়নিক, যান্ত্রিক বা থার্মাল বিদ্যুৎ স্টোরেজ প্রযুক্তি তৈরি বা ফিল্ড-টেস্ট করার জন্য অতিরিক্ত 8.15 মিলিয়ন মার্কিন ডলার এখন উপলভ্য***

***2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি স্টোরেজ স্থাপন এবং আরো 6,000 মেগাওয়াট উৎপাদনের ব্যবস্থায় সাহায্য করার জন্য জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের লক্ষ্যকে সমর্থন করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে দীর্ঘ মেয়াদি শক্তি স্টোরেজ প্রযুক্তির সমাধান অগ্রসরকারী চারটি প্রদর্শনী প্রকল্পের জন্য প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে যা নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রিডে নবায়নযোগ্য শক্তি নিয়ন্ত্রণ ও প্রদানে সাহায্য করবে। এই অর্থদানের পাশাপাশি, উদ্ভাবনী দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজ সমাধান, ডিভাইস, সফ্টওয়্যার, নিয়ন্ত্রক, এবং এখনো বাণিজ্যিকীকরণ হয়নি এমন অন্যান্য সম্পূরক প্রযুক্তির জন্য 8.15 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করা হয়েছে। জমাকৃত প্রকল্পকে হাইড্রোজেন, বৈদ্যুতিক, রাসায়নিক, যান্ত্রিক বা থার্মাল বিদ্যুৎ স্টোরেজ প্রযুক্তি অগ্রসর, তৈরি বা ফিল্ড-টেস্ট করতে হবে যা নবায়নযোগ্য শক্তি সংযোজন সমস্যার সমাধান করবে, যেমন গ্রিড জ্যাম, ধরণের ধারণক্ষমতার সীমাবদ্ধতা এবং নিউ ইয়র্ক সিটিতে অবস্থানসমূহ। আজকের ঘোষণাটি 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি স্টোরেজ স্থাপন এবং আরো 6,000 মেগাওয়াট উৎপাদনের ব্যবস্থায় সাহায্য করার জন্য জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে সমর্থন করে।

"শক্তি স্টোরেজ প্রযুক্তির ক্ষেত্রে প্রতিটি বড় সাফল্য জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরশীলতা হ্রাস করে এবং পুরো স্টেটের সম্প্রদায়গুলিতে সফলভাবে নবায়নযোগ্য শক্তি সংযোজিত করার ক্ষেত্রে অগ্রগতি করে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের শক্তি স্বাধীন হতে দিবে এবং যখন যেখানে প্রয়োজন সেখানে সংস্থানের উপলভ্যতা নিশ্চিত করবে এবং প্রযুক্তি উদ্ভাবন ও বিকাশ করার প্রতি আমাদের অব্যাহত প্রতিশ্রুতিই আজকের ঘোষণায় প্রতিফলিত হয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) কর্তৃক পরিচালিত এই অর্থ এবং প্রতিযোগিতামূলক অর্থায়ন সুযোগ এমন শক্তি স্টোরেজ পণ্যের বিকাশ ও প্রদর্শন প্রকল্পকে সমর্থন করে যার রেটেড পাওয়ারের ক্ষেত্রে 10 থেকে 100 ঘণ্টা এবং একাধিক দিবসের সময়কাল রয়েছে, যা দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজ নামেও পরিচিত।

**অর্থ বরাদ্দ**

প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

- **ইকোলেকট্রো, ইনকর্পোরেটেড:** 1.08 মিলিয়ন মার্কিন ডলার – তাদের যুগান্তকারী পলিমার রসায়ন এবং উপাদান স্কেল-আপ করতে যা ইলেক্ট্রোলাইসিসের মাধ্যমে হাইড্রোজেন উৎপাদনের ব্যয় উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে বলে আশা করা যাচ্ছে এবং বর্তমান নকশার একটি ড্রপ-ইন প্রতিস্থাপন তৈরি করবে। 10 কিলোওয়াটের (kilowatt, kW) ইলেক্ট্রোলাইসিস ইউনিট গঠন ও পরীক্ষার জন্য এই প্রকল্পটিতে গবেষণাগারে প্রমাণিত প্রযুক্তিকে প্রকৌশল এবং মূল্যায়ন প্রোটোটাইপ দ্বারা স্কেলিং করা হবে। ইলেক্ট্রোলাইজার ইউনিটটি নিউ ইয়র্কের মাসেনাতে লিবার্টি ইউটিলিটিজের (Liberty Utilities) সাথে অংশীদারিত্বে একটি পাইলট প্রদর্শনীতে ব্যবহার করা হবে।
- **ফর্ম এনার্জি:** 12 মিলিয়ন মার্কিন ডলার – একটি নতুন ধরনের স্বল্প ব্যয়ের, দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজের একটি বাণিজ্যিক মাত্রার 10 মেগাওয়াট (megawatt, MW) /ঘণ্টায় 1,000 মেগাওয়াটের (megawatt hour, MWh) প্রদর্শনী বিকাশ, নকশা এবং নির্মাণ করার জন্য, যার উদ্দেশ্য হলো অনিয়মিত নবায়নযোগ্য সংস্থানের সংযোজন এবং প্রয়োজন হলে গ্রিডে একাধিক দিনজুড়ে অবিরত, কার্বনমুক্ত বিদ্যুৎ প্রদান করা উভয়কে সমর্থন করা। প্রকল্পটি যুগান্তকারী আয়রন-এয়ার ব্যাটারি উপাদান ব্যবহার করবে যা নিরাপদ, প্রতুল, অত্যন্ত স্বল্প মূল্যের, এবং বিদ্যমান সরবরাহ চেইন থেকে বৈশ্বিকভাবে স্কেল করা সম্ভব। প্রকল্পের অবস্থান এখনো নির্ণীত হয়নি।
- **পলিজুল, ইনকর্পোরেটেড:** 1.03 মিলিয়ন মার্কিন ডলার – ইস্টার্ন জেনারেশন্সের সাথে অংশীদারিত্বে, নিউ ইয়র্কের কুইন্সে অবস্থিত তাদের অ্যাস্টোরিয়া জেনারেটিং স্টেশনে (Astoria Generating Station) একটি 2 MWh, 167-kW পলিজুল দীর্ঘমেয়াদি মডুলার ব্যাটারি শক্তি স্টোরেজ ব্যবস্থা (Battery Energy Storage System, BESS) স্থাপন করার জন্য। এই প্রদর্শনী প্রকল্পটির উদ্দেশ্য হলো একটি ঘনবসতিপূর্ণ শহুরে এলাকায় পলিজুল কন্ডাকটিভ পলিমার BESS এর নিরাপত্তা, প্রযুক্তিগত, পরিচালনা সংক্রান্ত, এবং অর্থনৈতিক সুবিধা প্রমাণ করা। অনুমতি, ইনস্টল, এবং ব্যবস্থা করার আবশ্যিকতাগুলি প্রয়োগের হ্রাসকৃত ব্যয় এবং সাইটের নমনীয়তার সুবিধা প্রদর্শন করবে। একাধিক বছরের পরীক্ষা এবং মৌসুমী তারতম্যের সময় সংগৃহীত ডেটা বিশ্লেষণ করার মাধ্যমে, পলিজুল, ইনকর্পোরেটেড (PolyJoule, Inc.) সিস্টেমটির কারিগরি বলিষ্ঠতা প্রমাণ করতে চায় যা নিউ ইয়র্ক স্টেটের যেকোনো স্থানে স্থাপন করা সম্ভব।
- **আর্বান ইলেকট্রিক পাওয়ার:** 703,965 মার্কিন ডলার - আর্বান ইলেকট্রিক পাওয়ারের (Urban Electric Power, UEP) পেটেন্ট করা রিচার্জযোগ্য জিঙ্ক অ্যালকালাইন ব্যাটারি প্রযুক্তি ব্যবহার করে একটি 100-kW/1-MWh BESS স্থাপন করা। প্রস্তাবিত BESS বাণিজ্যিক ও শিল্পকারখানায় দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজ প্রয়োগের (যেমন, 10 থেকে 24 ঘণ্টা) জন্য নকশা করা হবে। বিশেষ করে, BESS প্রান্তিক ব্যবহারকারীদের জন্য শক্তি

স্থিতিস্থাপকতা প্রদান করবে, যা ব্যস্ততম সময়ের চাহিদা কর্তন করার মাধ্যমে শক্তি হ্রাস করতে দিবে, এবং চাহিদা অনুযায়ী সাড়াদানের ঘটনায় অংশগ্রহণ করার মাধ্যমে বিদ্যুৎ গ্রিডকে সমর্থন করবে। প্রকল্পটি নিউ ইয়র্কের পার্ল রিভারে অবস্থিত।

**নতুন অর্থায়নের সুযোগ**
পণ্যের বিকাশ, প্রদর্শন প্রকল্প এবং ফেডারেল অর্থায়নের জন্য আবেদন করার ক্ষেত্রে ব্যয় ভাগ করে নেওয়ার অনুরোধের ক্ষেত্রগুলিতে নতুনভাবে জারি করা আবেদনের অনুরোধের জন্য অর্থ প্রদান করা হবে। 17 অক্টোবর, 2023 তারিখ, ইস্টার্ন স্ট্যান্ডার্ড সময় অনুযায়ী বিকাল 3:00টা পর্যন্ত প্রস্তাবনা গ্রহণ করা হবে। এই আবেদনের অনুরোধের ব্যাপারে আরো বিস্তারিত NYSERDA এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

**নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "বায়ু ও সৌর শক্তি দীর্ঘতর সময়ের জন্য সংরক্ষণ করার জন্য স্টেটের ধারণক্ষমতা বৃদ্ধি করা আমাদের জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যসমূহ অর্জন করার জন্য অত্যাবশ্যকীয়, বিশেষ করে যেহেতু সক্রিয় হওয়া নবায়নযোগ্য শক্তি প্রকল্পসমূহ থেকে আরো বেশি শক্তি এখন গ্রিডে প্রবাহিত হচ্ছে। এই কর্মসূচির দ্বারা যেই শক্তি স্টোরেজ প্রযুক্তি কার্যকর করা হচ্ছে তা নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কবাসীদের কাছে এমন একটি বিদ্যুৎ গ্রিড থাকে যা পরিচ্ছন্ন নবায়নযোগ্য শক্তি দ্বারা পরিচালিত এবং নিরাপত্তা বৈশিষ্ট্যসহ প্রচুর স্টোরেজ ধারণক্ষমতা দ্বারা তা সমর্থিত হচ্ছে বলে মনে শান্তি রাখতে পারবে।"

**NY বেস্টের (NY Best) নির্বাহী পরিচালক উইলিয়াম অ্যাকার বলেন,** "দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজ সমাধানের জন্য অতিরিক্ত স্টেট অর্থায়ন প্রদান করে গভর্নর হোকলের আজকের ঘোষণার জন্য NY বেস্ট তার প্রশংসা করছে। একটি ডিকার্বোনাইজড গ্রিড অর্জন এবং জীবাশ্ম জ্বালানির পাওয়ার প্ল্যান্টকে সম্পূর্ণভাবে উৎপাটন করার জন্য দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজ অত্যাবশ্যকীয় এবং নিউ ইয়র্ক স্টেটে গুরুত্বপূর্ণ প্রযুক্তি সমাধান অগ্রসর করার জন্য এই ধরনের বিনিয়োগ অতি প্রয়োজনীয়।"

স্টেটের জলবায়ু লক্ষ্য অর্জন করার জন্য এবং পুরো স্টেটে শক্তি স্টোরেজ সিস্টেমের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য স্কেল করা শক্তি স্টোরেজ অগ্রসর অতি গুরুত্বপূর্ণ। গত মাসে গভর্নর হোকল একটি নতুন আন্তঃএজেন্সি অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠী (Inter-Agency Fire Safety Working Group) তৈরি করার ঘোষণা করেছেন। যদিও শক্তি স্টোরেজ ফ্যাসিলিটিতে অগ্নিকাণ্ডের ঘটনা অত্যন্ত বিরল, তবুও স্বাধীনভাবে শক্তি স্টোরেজ ফ্যাসিলিটির অগ্নিকাণ্ড ও নিরাপত্তা মানদণ্ড পরীক্ষা করে দেখার জন্য কর্মগোষ্ঠীকে নেতৃত্ব দিতে গভর্নর নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা অফিসের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (Office of Fire Prevention and Control), NYSERDA, নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation), জনসেবা বিভাগ (Department of Public Service), এবং স্টেট বিভাগকে (Department of State) নির্দেশ দিয়েছেন। গ্রুপটি জাতীয়ভাবে স্বনামধন্য বিশেষজ্ঞ এবং জাতীয় গবেষণাগারগুলোকে এনার্জি স্টোরেজের মূল কারণ এবং জরুরি রেসপন্স বিশ্লেষণে স্বাধীনভাবে সাধারণ কারণগুলো, বায়ু পর্যবেক্ষণের ফলাফল বা অন্যান্য কমিউনিটির প্রভাবগুলো এবং এনার্জি স্টোরেজের অগ্নিকাণ্ডের সাথে

জড়িত অন্যান্য কারণগুলোর মূল্যায়ন এবং শনাক্ত করতে সহায়তা করবে। অর্থায়ন এবং এর পরিণামে হওয়া সুপারিশ নিউ ইয়র্ক সিটি অগ্নি বিভাগ (New York City Fire Department), জাতীয় অগ্নি সুরক্ষা অ্যাসোসিয়েশন (National Fire Protection Association), আন্তর্জাতিক কোড অফ কাউন্সিল (International Code Council), নিউ ইয়র্ক স্টেট অগ্নি প্রতিরোধ এবং ভবন কোড কাউন্সিল (Building Code Council), এবং আন্ডাররাইটার্স ল্যাবেরেটরিজকে (Underwriters Laboratories) জানানো হবে, যার ফলে স্থির শক্তি স্টোরেজ সিস্টেমের ক্ষেত্রে নিউ ইয়র্ক একটি জাতীয় ও আন্তর্জাতিক নেতা হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে।

NYSERDA এর নবায়নযোগ্য অপটিমাইজেশন এবং শক্তি স্টোরেজ উদ্ভাবন কর্মসূচির (Renewable Optimization and Energy Storage Innovation Program) মাধ্যমে এই তহবিল প্রদান করা হচ্ছে এবং অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতার স্টেট লক্ষ্য অর্জন করার জন্য প্রয়োজনীয় নিম্ন নিঃসরণ এবং কার্বন সিকোয়েস্টারিং প্রযুক্তি ত্বরান্বিত করছে এমন উদ্ভাবকদের সমর্থন করার জন্য গবেষণা, বিকাশ ও বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্ক স্টেট যে বিনিয়োগ করছে তার ভিত্তিতে এই অর্থায়ন সম্ভব হয়েছে। NYSERDA এর উদ্ভাবন কর্মসূচিটি অনুদান ও র‍্যাপঅ্যারাউন্ড বাণিজ্যিকীকরণ সমর্থনের মাধ্যমে সরাসরি বিনিয়োগ হিসেবে 10 বছরের বেশি সময় ধরে 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। 680 মিলিয়ন ডলারেরও বেশি বেসরকারি বিনিয়োগ এবং 200 মিলিয়ন ডলারেরও বেশি প্রকল্পের আর্থিক মূলধন সক্রিয় করা হয়েছে, এবং NYSERDA-এর প্রযুক্তি এবং ব্যবসায়িক উন্নয়ন বিনিয়োগের ফলস্বরূপ 450টিরও বেশি উদ্ভাবনী নির্মল বিদ্যুৎ পণ্য বাণিজ্যিকীকরণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে LED লাইটিং সিস্টেম, গৃহস্থালী সরঞ্জাম, আরো দীর্ঘস্থায়ী ব্যাটারি, এবং আরো দক্ষ হিটিং-ও-কুলিং সিস্টেম।

NYSERDA-এর উদ্যোগগুলো স্টেটের 10 বছর মেয়াদী 6 বিলিয়ন ডলারের নির্মল জ্বালানি তহবিলের মাধ্যমে অর্থায়ন করা হয়। এই তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

## নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি

প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন